# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৬৩

৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৪. গচ্ছিত মাল কি এবং অলংকারের যাকাত প্রসঙ্গে

باب الْكَنْزِ مَا هُوَ وَزَكَاةِ الْحُلِيِّ

আরবী

حَدَّثَنَا أَبُو كَامِلٍ، وَحُمَيْدُ بْنُ مَسْعَدَةَ، - الْمَعْنَى - أَنَّ خَالِدَ بْنَ الْحَارِثِ، حَدَّثَهُمْ حَدَّثَنَا حُسَيْنٌ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ امْرَأَةً، أَتَتْ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم وَمَعَهَا ابْنَةٌ لَهَا وَفِي يَدِ ابْنَتِهَا مَسَكَتَانِ غَلِيظَتَانِ مِنْ ذَهَبٍ فَقَالَ لَهَا " أَتُعْطِينَ زَكَاةَ هَذَا " . قَالَتْ لاَ . قَالَ " أَيَسُرُّكِ أَنْ يُسَوِّرَكِ اللَّهُ بِهِمَا يَوْمَ الْقِيَامَةِ سِوَارَيْنِ مِنْ نَارٍ " . قَالَ فَخَلَعَتْهُمَا فَأَلْقَتْهُمَا إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم وَقَالَتْ هُمَا لِلَّهِ عَزَّ وَجَلَّ وَلِرَسُولِهِ

- حسن

বাংলা

১৫৬৩। ’আমর ইবনু শু’আইব (রহঃ) হতে পর্যায়ক্রমে তার পিতা ও দাদার সূত্রে বর্ণিত। একদা এক মহিলা তার কন্যাকে নিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আসলো। তার কন্যার হাতে দু’টি মোটা স্বর্ণের কঙ্কন ছিলো। তিনি জিজ্ঞেস করলেন, তুমি কি এর যাকাত দাও? সে বললো, না। তিনি বললেনঃ তুমি কি এতে সন্তুষ্ট যে, মহান আল্লাহ এর বিনিময়ে কিয়ামতের দিন তোমাকে আগুনের দু’টি কঙ্কন পরিয়ে দিবেন? বর্ণনাকারী বলেন, সে তৎক্ষণাত তা খুলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সামনে রেখে দিয়ে বললো, এ দু’টি আল্লাহ ও তাঁর রসূলের জন্য।[1]

হাসান।

## English

'Amr bin Shu'aib on his father's authority said that his grandfather reported:

A woman came to the Messenger of Allah (ﷺ) and she was accompanied by her daughter who wore two heavy gold bangles in her hands. He said to her: Do you pay zakat on them? She said: No. He then said: Are you pleased that Allah may put two bangles of fire on your hands?

Thereupon she took them off and placed them before the Prophet (ﷺ) saying: They are for Allah and His Apostle.

## ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায় : যাকাত, অনুঃ গহনার যাকাত, হাঃ ৬৩৭, ইমাম তিরমিযী বলেন, এ হাদীসটি অনুরূপ বর্ণনা করেছেন মুসান্না ইবনু সাব্বাহ ‘আমর ইবনু শু‘আইব হতে, মুসান্না ইবনু সাববাহ এবং ইবনু লাহী‘আহ দু’জনেই হাদীসে দুর্বল), নাসায়ী (অধ্যায় : যাকাত, অনুঃ গহনার যাকাত, হাঃ ২৪৭৮), আহমাদ (হাঃ ৬৬৬৭) শায়খ আহমাদ শাকির বলেন : এর সানাদ সহীহ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58881

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন